

# সোনাতলায় বিজিএমইএ প্রশিক্ষণকেন্দ্র ৯০ নারী পেয়েছেন ঠিকানা

প্রকাশ | ২০ আগস্ট ২০১৬, ০০:০০



প্রদীপ মোহন্ত, বগুড়া ও মামুনুর  
রশিদ মামুন, সোনাতলা



সোনাতলা বিজিএমইএ প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণ নিচ্ছেন প্রশিক্ষার্থী নারীরা -প্রতিনিধি

সোনাতলা উপজেলার বালুয়াহাট এলাকার মহসীন আলীর মেয়ে আছমা বেগমের বিয়ে হয়েছিল ছয় বছর আগে পার্শ্ববর্তী গাইবান্ধার সাঘাটা উপজেলায়। বিয়ের প্রথম পর্যায়ে তাদের দাম্পত্য জীবন সুখের ছিল। তাদের সংসারে আসে একটি কন্যাসন্তান। পরে আছমা জানতে পারেন তার স্বামী মাদকাসক্ত। এর পর থেকে যৌতুকের জন্য চলে আছমার ওপর অমানুষিক নির্যাতন। এদিকে বাবা-মায়ের অসচ্ছল সংসার। মেয়ে জামাইকে চাহিদামতো যৌতুক দিতে পারেননি মহসীন আলী। স্বামীর নির্যাতনের মাত্রা বেড়ে গেলে একপর্যায়ে আছমার সংসার ভেঙে যায়। এর পর অসচ্ছল বাবা-মায়ের সংসারে অনেক কষ্টে জীবনযাপন

করছিলেন আছমা। সে সময় জানতে পারেন, সোনাতলায় বিজিএমইএ প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণ নিলে চাকরি পাওয়া যায়। তিনি যান সেই প্রশিক্ষণ কেন্দ্রে। সোনাতলা উপজেলা পরিষদ চত্বরে বিজিএমইএ পরিচালিত প্রশিক্ষণ কেন্দ্রে ২০১৪ সালের মাঝামাঝি সময়ে দুই মাসব্যাপী সোয়েটার তৈরির অপারেটর হিসেবে প্রশিক্ষণ নেন আছমা। প্রশিক্ষণ শেষে সার্টিফিকেট নিয়ে ঢাকার সাভারে একটি সোয়েটার কারখানায় অপারেটর হিসেবে চাকরি নেন। এর পর থেকে তাকে ও তার পরিবারকে আর পিছনে ফিরে তাকাতে হয়নি। এখন আছমা প্রতি মাসে বেতন পান ১২ হাজার টাকা। এতে তাদের সংসারে এসেছে সচ্ছলতা।

শুধু আছমা বেগম নন, ওই প্রশিক্ষণ কেন্দ্রে বিধবা, স্বামী পরিত্যক্তা ও অসচ্ছল পরিবারের মেয়েদের পাশাপাশি বেকার পুরুষ যুবকরাও প্রশিক্ষণ নিয়ে নিজের পায়ে দাঁড়াচ্ছেন। এর মধ্যে ৯০ জন নারী পেয়েছেন পথের ঠিকানা। ২০১২ সালে স্থাপিত এ প্রশিক্ষণ কেন্দ্রে এ পর্যন্ত এক হাজার ২২৫ জন নারী ও পুরুষ প্রশিক্ষণ নিয়েছেন। এর মধ্যে ৬০০ জনকে ওই প্রশিক্ষণ কেন্দ্র থেকে বিভিন্ন গার্মেন্টেসে চাকরির ব্যবস্থা করা হয়েছে। জানা গেছে, বগুড়া-১ আসনের সংসদ সদস্য আব্দুল মান্নান এলাকার বেকার ও অসচ্ছল নারী-পুরুষদের কর্মসংস্থানের লক্ষ্যে ২০১২ সালে বিজিএমইএ প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করেন। অর্থ মন্ত্রণালয়ের অধীনে স্কিল ফর এমপ্লয়মেন্ট অ্যান্ড ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সিপ) ও বিজিএমইএর যৌথ উদ্যোগে পরিচালিত হচ্ছে প্রশিক্ষণ কেন্দ্রটি।

সম্প্রতি ওই প্রশিক্ষণ কেন্দ্রে গিয়ে জানা যায়, দুই মাসব্যাপী তাদের নতুন ব্যাচের প্রশিক্ষণ শুরু হয়েছে। প্রশিক্ষণে ১৮-৩৫ বছর বয়সী ১২০ জন অংশ নিয়েছেন। তাদের মধ্যে ৯০ জন নারী ও ৩০ জন পুরুষ। প্রশিক্ষণের সকল সরঞ্জাম প্রকল্প থেকে বহন করা হয়। প্রশিক্ষণ শেষে সার্টিফিকেটের পাশাপাশি ৬ হাজার ২৪০ টাকা মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে প্রশিক্ষার্থীদের দেওয়া হয়। প্রশিক্ষণ কেন্দ্রে একজন তত্ত্বাবধায়ক ও আট জন প্রশিক্ষক দায়িত্ব পালন করছেন।

বিজিএমইএ প্রশিক্ষণ কেন্দ্রের তত্ত্বাবধায়ক মনজুর রহমান বলেন, প্রশিক্ষণ নিতে অনেকেই আসছেন। পর্যায়ক্রমে তাদের প্রশিক্ষণের ব্যবস্থা করা হচ্ছে। তিনি বলেন, প্রশিক্ষণ শেষে সার্টিফিকেটের পাশাপাশি চাকরিও ব্যবস্থা করে দেওয়া হয়।

"

---

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৮৮৭৮২১৩-১৮ ফ্যাক্স: ৮৮৭৮২২১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৪

ই-মেইল : [news@dainikamadershomoy.com](mailto:news@dainikamadershomoy.com), [editor@dainikamadershomoy.com](mailto:editor@dainikamadershomoy.com)

---

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৬ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি